

‘ব্র্যান্ড লিডারশিপ অ্যাওয়ার্ড’ জিতল জিয়নবিডি



সিএমও এশিয়া অনুমোদিত ওয়ার্ল্ড ফেডারেশন অব মার্কেটিং প্রফেশনালসের সবচেয়ে মর্যাদাপূর্ণ পুরস্কার ‘ব্র্যান্ড লিডারশিপ অ্যাওয়ার্ড’ অর্জন করেছে দেশের অন্যতম ওয়েব হোস্টিং ও আইটি সেবাদাতা কোম্পানি জিয়নবিডি। মার্কেটিং ও ব্র্যান্ডিংয়ে সেরা পারফরম্যান্স, নেতৃত্ব ও রোল মডেল হিসেবে জিয়নবিডিকে এ অ্যাওয়ার্ড দেয়া হয়েছে।

২৩ সেপ্টেম্বর রাজধানীর একটি হোটেলে আয়োজিত ‘দ্য বাংলাদেশ বেস্ট মাস্টার ব্র্যান্ড অ্যাওয়ার্ড ২০১৮’ অনুষ্ঠানে জিয়নবিডিকে এ অ্যাওয়ার্ড প্রদান করা হয়। অ্যাওয়ার্ড গ্রহণ করেন জিয়নবিডির প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) কাজী এসএম নাজমুস সাকিব।

এ সময় তিনি বলেন, ১৩ বছরের বেশি সময় ধরে জিয়নবিডির প্রত্যেকের কঠিন পরিশ্রমের অর্জন এ পুরস্কার। দেশের আইটি খাতে জিয়নবিডির ধারাবাহিক উদ্ভাবনী প্রযুক্তি ও সেবা পরিবেশনের স্বীকৃতি।